

## প্রস বিজ্ঞপ্তি

তারিখ : ১৭ মার্চ, ২০২৪

### বাউবি'র ঢাকা আঞ্চলিক কেন্দ্রে বঙ্গবন্ধুর ম্যুরাল উদ্বোধন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবসে বাউবির ঢাকা আঞ্চলিক কেন্দ্রের উদ্যোগে ১৭ই মার্চ ২০২৪ রবিবার ঢাকা আঞ্চলিক কেন্দ্রে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরাল উদ্বোধন করা হয়।



বাউবি'র ঢাকা আঞ্চলিক কেন্দ্রে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরাল উদ্বোধন করছেন উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার।

বাউবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার এই ম্যুরাল উদ্বোধন করেন। উদ্বোধনের পর উপাচার্য বলেন, বাঙালি জাতীয়তাবাদ, বায়ানের ভাষা আন্দোলন থেকে ১৯৭১ এর মহান মুক্তিযুদ্ধ ও বিজয় গাথা, মুক্তির সংগ্রাম এবং বাংলাদেশের ঐতিহ্য তুলে ধরে বাউবির প্রতিটি আঞ্চলিক কেন্দ্রে বঙ্গবন্ধুর ম্যুরাল তৈরি করা হবে। এ বছরের ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবসে একযোগে সকল আঞ্চলিক কেন্দ্রে বঙ্গবন্ধুর ম্যুরাল উদ্বোধনের আশাবাদ ব্যক্ত করেন তিনি।

অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলম, বাউবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. কে. এম. রেজানুর রহমান ও ঢাকা আঞ্চলিক কেন্দ্রের আঞ্চলিক পরিচালক রানা হামিদুর রহমান। এসময় বাউবি'র বিভিন্ন স্কুলের ডিন, পরিচালক, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

বউদর্শ

ড. আ.ফ.ম. মেজবাহ উদ্দিন  
পরিচালক (ভারপ্রাপ্ত)